



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/পাবনা-৭৬/ ৩১২৭২

তারিখ: ২০/ মার্চ, ১৪২৭ বঙ্গাব্দ
০৮/ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : মৃত্যুজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সুজানগর উপজেলাধীন উদয়পুর সেকেন্দারীয়া দাখিল মাদ্রাসার চলমান ম্যানেজিং কমিটির সভাপতি আলহাজ্ব মো: সেকেন্দার আলী মোল্লা গত ১১/০১/২০২১খ্রি. তারিখে মৃত্যুবরণ করায় পদটি শূন্য হয়। মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে জনাব মোছা: মাফরোজা খাতুন-কে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন করা হয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ২৮/০৪/২০১৯খ্রিঃ তারিখের নং-বামাশিবো/প্রশা/২২১১৯১২৫৭৩৩১/১৮৩৫৪/নথি নং-৭৬ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট সময়ের জন্য জনাব মোছা: মাফরোজা খাতুন -কে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd



সুপার/ভারপ্রাপ্ত সুপার

উদয়পুর সেকেন্দারীয়া দাখিল মাদ্রাসা

ডাকঘর: উদয়পুর হাইস্কুল, উপজেলা: সুজানগর, জেলা: পাবনা।

নং-বামাশিবো/প্রশাসন/পাবনা-৭৬/

তারিখ: মার্চ, ১৪২৭ বঙ্গাব্দ
ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পাবনা;
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা;
৪. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লিমি, সুজানগর, পাবনা;
৫. জনাব মোছা: মাফরোজা খাতুন, সভাপতি, ম্যানেজিং কমিটি, উদয়পুর সেকেন্দারীয়া দাখিল মাদ্রাসা, সুজানগর, পাবনা;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd